

# নদীয়া জিলা পরিষদ

কৃষ্ণনগর, নদীয়া।

## দরপত্র নোটিশ

এতদ্বারা সর্বসাধারণকে অবগত করা যাইতেছে যে, নদীয়া জিলা পরিষদের অধিনস্থ নবদ্বীপ ফেরীর দরপত্র নদীয়া জিলা পরিষদ অফিসে নিম্নের নির্ধারিত অনুযায়ী অনুষ্ঠিত হইবে। যাহারা দরপত্রে অংশগ্রহণ করিতে ইচ্ছুক তাহারা নিম্নের সূচী অনুযায়ী অংশগ্রহণ করিতে পারিবেন। অংশগ্রহণকারী কখনই জিলা পরিষদ কর্তৃক সংরক্ষণ (Reserved price) মূল্যের কম দরপত্র জমা দিতে পারিবেন না এবং অংশগ্রহণকারীকে ভারতীয় নাগরিক এবং ১৮ বৎসর বয়স হইতে হইবে। দরপত্র প্রদানকারী দরপত্রের মূল্য অঙ্কে এবং কথায় লিখে এবং তাঁর ভোটার পরিচয় পত্র / প্যান কার্ড এর পত্যাগিত নকল জমা দেবেন।

অংশগ্রহণকারী নদীয়া জিলা পরিষদ কর্তৃক নির্ধারিত আচরনবিধি মানিয়া চলিবেন।

লিখিত দরপত্র সাদা কাগজে অথবা নিজস্ব প্যাডে স্বাক্ষর করিয়া প্রস্তুত ৫,০০,০০০/- (পাঁচ লক্ষ) টাকা জামানত হিসাবে যে কোন কৃষ্ণনগরস্থিত রাষ্ট্রীয় ব্যাঙ্কের ড্রাফট FC & CAO, Nadia Zilla Parishad -এর নামে মুখবন্ধ খামে জিলা বাস্ত্বকারের অফিস ঘরে রাখা দরপত্র বাক্সে জমা দেবেন।

জামানতের প্রদেয় অর্থ সর্বোচ্চ দর প্রদানকারী ব্যতীত সকল অংশগ্রহণকারীর জন্য ফেরৎযোগ্য।

সর্বোচ্চ দর প্রদানকারী জামানতের জমা টাকা বাকী দরের সমস্ত টাকা নদীয়া জিলা পরিষদ দপ্তরে ব্যাঙ্ক ড্রাফট মারফৎ ৭ (সাত) দিনের মধ্যে জমা দিতে হইবে।

আরও উল্লেখ থাকে যে, সর্বোচ্চ দরপত্র কোন রকম কারণ না দর্শাইয়া গ্রহণ অথবা বাতিল করিবার ক্ষমতা নদীয়া জিলা পরিষদ কর্তৃপক্ষের অবশ্যই এজিয়ার ভূক্ত থাকিবে।

ফেরীর নাম	পঞ্চগয়েত সমিতির নাম	সংরক্ষিত মূল্য	জামানতের নগদ মূল্য	লীজের মেয়াদ	দরপত্র দেওয়ার তারিখ ও অস্তিত্ব সময়	দরপত্র খোলার তারিখ ও সময়	জামানতের গ্রাহক	পারাপারের বিবরণ
নবদ্বীপ ফেরীঘাট	নবদ্বীপ	৪৪,০১,১০১/- (চয়াল্লিশ লক্ষ এক হাজার এক শত এক) টাকা	৫০০০০০/- (পাঁচ লক্ষ) টাকা	০১ (এক) বৎসর ২০১৪-১৫	ইং ০২.০২.১৫ (সোমবার) বাংলা ১৮-ই মাঘ -১৪২১ প্রারম্ভিক সময় বেলা ৩ ঘটিকা পর্যন্ত.	ইং ০২.০২.১৫ (সোমবার) বাংলা ১৮-ই মাঘ -১৪২১ প্রারম্ভিক সময় বেলা ৩.৩০ ঘটিকা গতে	FC & CAO, Nadia Zilla Parishad	স্বরূপগঞ্জ-নবদ্বীপ, নবদ্বীপ, মায়াপুর- হুলোরঘাট এবং স্বরূপগঞ্জ গঙ্গা ও জলঙ্গী নদীর উপর।

বিঃদ্রঃ- মুখবন্ধ খামে আরো যাহা জমা দিতে হইবে :-

- ১) উপযুক্ত পরিকাঠামো ও যন্ত্রচালিত নৌকার সংখ্যা ও আয়তন সম্পর্কিত নিম্নলিখিত বিষয়ে লিখিত ঘোষণা দরপত্রের সঙ্গে জমা দিতে হইবে। নৌকার সংখ্যা কমপক্ষে ১২-১৪টি থাকা প্রয়োজন। যাত্রী বহন কমপক্ষে ৫০-৬০ জন ক্ষমতা সম্পন্ন নৌকা যার মাপ ৪০'-৬' x ৯'-৬' [২-৩টি] এবং যাত্রী বহন সর্বোচ্চ ২২৫-২৫০ জন ক্ষমতা সম্পন্ন নৌকা যার মাপ ৭৪'-৪' x ১৯'-৭' [১০-১১ টি] থাকা আবশ্যিক।
- ২) সাম্প্রতিক কালের আয়করের রিটার্ন দাখিল করিতে হইবে।
- ৩) ফেরীঘাটে পর্যাপ্ত আলোর ব্যবস্থা ইজারাদারকে করতে হবে। তৎসহ যাত্রী সাধারণের সুরক্ষা নিশ্চিত করতে হবে।
- ৪) যে ব্যক্তি নদীয়া জিলা পরিষদের ফেরী/পুস্করিনী বা জিলা পরিষদের অন্যকোন স্থাবর সম্পত্তি অবৈধভাবে ভোগদখল করিতেছে বা ইজারার বকেয়া কোনভাবে পরিশোধ করেন নাই তাহারা এই দরপত্রে অংশগ্রহণ করিতে পারিবেন না বা অঞ্জাত কারণে অংশগ্রহণ করিলে পরে দরপত্র বাতিল হইবে।

জেলা বাস্ত্বকার  
নদীয়া জিলা পরিষদ।

পত্রাংক নং: ১৫৬(৩৩)/ন.জি.প.

তারিখ: ১৬.০১.২০১৫

প্রতিলিপি জ্ঞাতার্থে ও ব্যপক প্রচারের জন্য প্রেরণ করা হল-

- ১) সভাপতি, নদীয়া জিলা পরিষদ।
- ২) নির্বাহী আধিকারিক, নদীয়া জিলা পরিষদ ও জেলা শাসক, নদীয়া।
- ৩) অতিরিক্ত নির্বাহী আধিকারিক, নদীয়া জিলা পরিষদ।
- ৪) অর্থ নিয়ামক ও মুখ্য হিসাব আধিকারিক, নদীয়া জিলা পরিষদ।
- ৫) সচিব, নদীয়া জিলা পরিষদ।
- ৬) কর্মাধ্যক্ষ পূর্ভকার্য ও পরিবহন স্থায়ী সমিতি, নদীয়া জিলা পরিষদ।
- ৭) অধ্যক্ষ, নদীয়া জেলা কাউন্সিল।
- ৮) জেলা তথ্য ও সংস্কৃতি আধিকারিক, নদীয়া।
- ৯-১৩) মহকুমা শাসক, -----, নদীয়া।
- ১৪-৩০) সভাপতি / নির্বাহী আধিকারিক -----পঞ্চায়েত সমিতি।
- ৩১) ইজারাদার ----- ।
- ৩২) সমস্ত তথ্য [www.nadiazillaparishad.gov.in](http://www.nadiazillaparishad.gov.in) এইখানে পাওয়া যাবে।
- ৩৩) নদীয়া জিলা পরিষদ অফিস নোটিশবোর্ড।

জেলা বাস্তকার  
নদীয়া জিলা পরিষদ।